# ২০২২
# বাংলা

**(অনার্স)**

**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)**

**প্রথম সেমেস্টার**

**প্রথম পত্র : BNGH-CC-T-1**

**(বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-১ম ভাগ)**

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) হরপ্রসাদ শাস্ত্রী নেপালে গিয়ে ক'খানি পুঁথির সন্ধান পান? পুঁথিগুলির নাম লেখো।

খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে কোথা থেকে আবিষ্কার করেন?

গ) 'নন্দের নন্দন কৃষ্ণ মোর প্রাণনাথ' — কার লেখা কোন্ কাব্যের অংশ? কোন্ শতাব্দীতে এই কাব্য রচিত হয়?

ঘ) চণ্ডীদাস নামাঙ্কিত ক'জন চণ্ডীদাস ছিলেন? কে কোন্ সময়ে বর্তমান ছিলেন?

ঙ) পূর্ববঙ্গধারার দু'জন মনসামঙ্গল কবির নাম লেখো।

চ) 'চৈতন্যলীলার ব্যাস' কে ছিলেন? তাঁর কাব্যের নাম কী? কাব্যের রচনাকাল নির্দেশ করো।

*[পরের পাতায়]*

ছ) বাংলা ভাষায় মহাভারতের প্রথম অনুবাদক কবি কে ছিলেন? তাঁর কাব্যের নাম কী?

জ) 'শাকে রস রস বেদ শশাঙ্ক গণিতা।

কত দিনে দিলা গীত হরের বণিতা।।' — কার লেখা কোন্ গ্রন্থে রয়েছে? এই শ্লোক অনুযায়ী কাব্যটির রচনাকাল নির্ণয় করো।

ঝ) ধর্মমঙ্গল কাব্যধারায় সর্বপ্রথম মুদ্রিত গ্রন্থ কোনটি? গ্রন্থটির রচয়িতা কে?

ঞ) 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' — কে কাকে একথা বলেছিল? কোন্ কাব্যের অংশ? কাব্যের রচনাকাল উল্লেখ করো।

ট) ঘৃষ্টধ্বনি কাকে বলে? উদাহরণ দাও।

ঠ) প্রাচীন ভারতীয় আর্যভাষার কালসীমা উল্লেখ করে এর আঞ্চলিক রূপগুলির নাম লেখো।

ড) প্রাচীন বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক ও একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

ঢ) সংবৃত স্বরধ্বনি ও বিবৃত স্বরধ্বনি কি? উদাহরণ দাও।

ণ) বাংলা লিপির মূল উৎস কী? কোন্ সময়ে এই লিপির উদ্ভব ঘটে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) মনসামঙ্গল কাব্যধারায় বিজয়গুপ্তের কৃতিত্ব ব্যাখ্যা করো।

খ) কৃত্তিবাসী রামায়ণের মৌলিক দিকগুলি আলোচনা করো।



গ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে বিদ্যাপতির কবি বৈশিষ্ট্যের পরিচয় দাও।

ঘ) বাংলা সাহিত্যের ইতিহাসে দৌলত কাজীর 'সতীময়না ও লোরচন্দ্রাণী' কাব্যের গুরুত্ব কোথায়?

ঙ) কুটিল লিপি থেকে কীভাবে বাংলা লিপির উদ্ভব হয়েছে তা ব্যাখ্যা করো।

চ) বাংলা মৌলিক স্বরধ্বনি কয়টি? জিহ্বার অবস্থান অনুযায়ী স্বরধ্বনির শ্রেণীবিভাগ করো। ২+৩

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের সমাজচিত্র ও ঐতিহাসিক গুরুত্ব ব্যাখ্যা করো।

খ) চৈতন্যজীবনী কাব্যধারার শ্রেষ্ঠ গ্রন্থ কোনটি এবং কেন? — এ বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।

গ) আদি-মধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

ঘ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা বলতে কী বোঝায়? উদাহরণসহ এই বর্ণমালা লিপ্যন্তরীকরণের নিয়মগুলি আলোচনা করো।

———————